



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/12/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল ঘৃণা অপরাধের শিকার ব্যক্তিদেরকে বীমা কোম্পানির দুর্ব্যবহার থেকে রক্ষা করতে বিধিমালায় স্বাক্ষর করলেন

বিধিমালা (S.7658-B/A.8869-B) ব্যক্তিদেরকে একটি ঘৃণা অপরাধের শিকার হওয়ার দাবির ভিত্তিতে তাদের বীমা পলিসি বাতিল বা হার বৃদ্ধি হওয়া থেকে রক্ষা করে

গভর্নর হোকল আজকে বিধিমালা (S.7658-B/A.8869-B) স্বাক্ষর করেছেন যা ঘৃণা অপরাধের শিকার ব্যক্তিদেরকে বীমা কোম্পানির দুর্ব্যবহার থেকে রক্ষা করে। নতুন আইনটি বীমাকারীদের জন্য বীমা বাতিল, প্রিমিয়াম বৃদ্ধি, একটি পলিসি জারি করতে অস্বীকৃতি বা পলিসি নবায়ন করতে অস্বীকৃতি নিষিদ্ধ করে যদি তা শুধুমাত্র একটি ঘৃণা অপরাধের ফলে ক্ষতির কারণে করা এক বা একাধিক দাবির ভিত্তিতে হয়ে থাকে। নতুন আইনটি ব্যক্তি, ধার্মিক সংগঠন, বা ধর্মীয়, দাতব্য বা শিক্ষাগত উদ্দেশ্যে সংগঠিত ও পরিচালিত অলাভজনক সংগঠনের জন্য প্রযোজ্য হবে।

"নিউ ইয়র্ক ঘৃণা আচরণের বিরুদ্ধে দৃঢ় অবস্থায় আছে তা যেখানেই হোক, এবং আমরা এই ভয়ঙ্কর অপরাধের অপরাধীদের দায়বদ্ধ করে যাবো," **গভর্নর হোকল বলেন।** "যদি কোনও ব্যক্তি ঘৃণা অপরাধের শিকার হয়, তাহলে তাদের নিজেদের বীমা হারানোর দুশ্চিন্তা করতে হওয়া উচিত না, এবং এই বিধিমালা দ্বারা আমরা অপরাধের শিকার ব্যক্তিদের সুরক্ষা দিতে এবং সকল নিউ ইয়র্কবাসী যাতে মর্যাদা ও সম্মান প্রাপ্ত হয় তা নিশ্চিত করবো।"

বিধিমালা (S.7658-B/A.8869-B) বীমা আইনে একটি নতুন অনুচ্ছেদ যোগ করে যা বীমাকারীদের জন্য নিউ ইয়র্কে একটি পলিসি জারি নিষিদ্ধ করে যা বাতিলকরণ, প্রিমিয়াম বৃদ্ধি, একটি পলিসি জারি করতে অস্বীকৃতি বা পলিসি নবায়ন করতে অস্বীকৃতি নিষিদ্ধ করে যদি তা শুধুমাত্র বীমাকৃত ব্যক্তি বা সম্পত্তির বিরুদ্ধে একটি ঘৃণা অপরাধের ফলে ক্ষতির কারণে গত পাঁচ বছরে এই পলিসির উপর করা এক বা একাধিক দাবির ভিত্তিতে হয়ে থাকে, যদি বীমাকৃত ব্যক্তি বা সম্পত্তি বীমাকারীকে প্রমাণ প্রদান করতে পারে যে এই এমন ক্ষতি সৃষ্টিকারী এমন পদক্ষেপটি একটি ঘৃণা অপরাধ। এছাড়াও এটি নিশ্চিত করে যাতে ঘৃণা অপরাধের দোষী ব্যক্তির এই বিধিমালা ব্যবহার করে নিজেদেরকে তারা নিজেরা যেই অপরাধ করেছে তার ফল হিসেবে হার বৃদ্ধি বা বাতিলকরণ থেকে রক্ষা করতে না পারে।

স্টেটের সিনেটর আনা এম. কাপলান বলেন, "নিজের জন্মভূমিতে ইহুদিবিরোধী সহিসংতা থেকে পালিয়ে এই দেশে আসা একজন ইহুদি উদ্বাস্তু হিসেবে, মহামারীর পর থেকে আমরা এই

দেশে যেই ঘৃণা ও চরমপন্থী দ্বারা অনুপ্রাণিত সহিসংতার বিস্তারিত দেখছি তার জন্য আমি মর্মান্বিত। আমি প্রতিটি সুযোগে ঘৃণার বিরুদ্ধে উঠে দাঁড়িয়ে লড়াই করতে পেরে গর্বিত, কিন্তু আমাদের আরো কাজ রয়েছে, এবং এই বিধিমালা একটি গুরুত্বপূর্ণ ধাপ যা স্পষ্ট করে যে নিউ ইয়র্ক স্টেটে ঘৃণার কোনও স্থান নেই। ঘৃণা অপরাধের শিকার কোনও ব্যক্তির এই ভয় পাওয়া উচিত না যে তারা কী হয়েছে তা রিপোর্ট করার জন্য বীমা কোম্পানি থেকে প্রত্যাহার হবে, এবং সকল অপরাধের শিকার ব্যক্তির পুলিশকে ঘৃণার ব্যাপারে সহজে রিপোর্ট করতে পারা উচিত যাতে ন্যায়বিচার সম্ভব হয়। আমি এই সঙ্কট সামনে থেকে মোকাবেলা করার জন্য, এবং অপরাধের শিকার ব্যক্তিদের ক্ষতি করতে থাকে এমন ন্যায়বিচারের প্রতিবন্ধকতা অপসারণ করতে এই বিলকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য গভর্নরের প্রয়াসের জন্য কৃতজ্ঞ।"

অ্যাসেম্বলি সদস্য সিমচা আইকেনস্টাইন বলেন, "ঘৃণা অপরাধের শিকার ব্যক্তিদের আরেকবার বৈষম্যের শিকার হওয়া উচিত না। এই বিলটি নিশ্চিত করবে যে ঘৃণা অপরাধের কারণে হওয়া যেকোনও দাবি স্বত্বেও যাতে বীমা কোম্পানিগুলি তাদের পলিসি বহাল রাখে। এই বিধিমালার গুরুত্ব উপলব্ধি করার জন্য এবং ভুক্তভোগীদের অধিকারের পক্ষে থাকার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।"

দায়িত্ব গ্রহণের পর থেকে, গভর্নর হোকল ঘৃণাপূর্ণ সহিংসতা এবং সকল ধরনের ঘৃণা অপরাধের বিরুদ্ধে লড়াই করতে বলিষ্ঠ পদক্ষেপ নিয়েছেন। নভেম্বর মাসে, গভর্নর হোকল [বিধিমালায়](#) স্বাক্ষর করেছেন যা ঘৃণা অপরাধে দোষী সাব্যস্ত ব্যক্তিদের জন্য বাধ্যতামূলক প্রশিক্ষণ বা কাউন্সেলিং আবশ্যিক করে, সেই সাথে একটি স্টেটব্যাপী ক্যাম্পেইন স্থাপন করে বৈচিত্র্যের গ্রহণযোগ্যতা, অন্তর্ভুক্তি, সহনশীলতা এবং উপলব্ধির জন্য, যার মধ্যে রয়েছে ধর্ম, জাতি, বর্ণ, গোষ্ঠী, লিঙ্গ, জাতীয়তা, জাতীয়তার উৎসটি, বয়স, অক্ষমতা, যৌন অভিমুখিতা, লিঙ্গ পরিচিতি বা বহিঃপ্রকাশের ভিত্তিতে হওয়া বৈচিত্র্য, কিন্তু তা এর মধ্যে সীমিত নয়। এছাড়াও স্টেটব্যাপী সন্ত্রাসবাদী হামলার বর্ধিত ঝুঁকিতে থাকা 240টি অলাভজনক সংগঠনকে প্রদত্ত 46 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিলের পাশাপাশি, গভর্নর ঘৃণা অপরাধের ঝুঁকিতে থাকা অলাভজনক, সম্প্রদায়ভিত্তিক সংগঠনসমূহে সুরক্ষা ও নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে 50 মিলিয়ন মার্কিন ডলার [ঘোষণা করেছেন](#)। এটি গত বছর 362টি অলাভজনক সংগঠনকে প্রদত্ত 43 মিলিয়ন মার্কিন ডলার [অনুদানের](#) অনুবর্তী যা প্রদান করা হয়েছিলো নিরাপত্তা অবকাঠামো বলিষ্ঠ করতে এবং সম্ভাব্য ঘৃণা অপরাধ আক্রমণের বিরুদ্ধে প্রস্তুতি উন্নত করতে সাহায্য করার জন্য। পাশাপাশি, গভর্নরের [অর্থবছর 2023 এর প্রণীত বাজেট \(Enacted Budget\)](#) গ্রেফতার ও জামিন যোগ্যতা সম্প্রসারণ করে সকল ঘৃণা অপরাধকে গ্রেফতারযোগ্য করে যদি ব্যক্তি আঠারো বা তার বেশি বয়সের হয়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418